সময়ের কণ্ঠস্বর

তারিখ 25 JAN 2016
পৃঃ 20 কলাম 2

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

## চতুর্থ সমাবর্তন ২০১৬

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, যে, আগামী ৩১ জানুয়ারি ২০১৬ তারিখ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের চতুর্থ সমাবর্তন অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত সমাবর্তন অনুষ্ঠানে অংশগ্রহণকারী চ.বি. শিক্ষক এবং গ্র্যাজুয়েটদের নিম্নলিখিত দিক নির্দেশনা সমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে-

১. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সম্মানিত সকল সিনেট ও সিন্ডিকেট সদস্যকে আগামী ২৭ ও ২৮ জানুয়ারি ২০১৬ তারিখ ব্যবসায় প্রশাসন অনুষদের অডিটোরিয়াম থেকে সকাল ১০.০০টা থেকে ৩.০০টার মধ্যে আমন্ত্রণপত্র ও সমাবর্তন গাউন সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।
এছাড়াও তাঁরা আগামী ৩১ জানুয়ারি ২০১৬ তারিখ নতুন আইন অনুষদ ভবনের সংশ্লিষ্ট কক্ষসমূহ থেকে সকাল ৯.০০টা থেকে ১২.০০টার মধ্যে খাদ্য সংগ্রহ করবেন এবং বিকেল ৪.০০টা থেকে ৭.০০টার মধ্যে একই স্থানে গাউন ফেরত দিয়ে সমাবর্তন সামগ্রী গ্রহন করবেন।

২. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সম্মানিত সকল শিক্ষক আগামী ২৭ ও ২৮ জানুয়ারি ২০১৬ তারিখ ব্যবসায় প্রশাসন অনুষদের অডিটোরিয়াম থেকে সকাল ১০.০০টা থেকে ৩.০০টার মধ্যে আমন্ত্রণপত্র ও সমাবর্তন গাউন সংগ্রহ করবেন।

৩. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সম্মানিত সকল শিক্ষক আগামী ৩১ জানুয়ারি ২০১৬ তারিখ নতুন আইন অনুষদ ভবনের সংশ্লিষ্ট কক্ষসমূহ থেকে সকাল ৯.০০টা থেকে ১২.০০টার মধ্যে খাদ্য সংগ্রহ করবেন এবং বিকেল ৪.০০টা থেকে ৭.০০টার মধ্যে একই স্থানে গাউন ফেরত দিয়ে সমাবর্তন সামগ্রী গ্রহন করবেন।

৪. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সম্মানিত সকল শিক্ষককে আগামী ৩০ জানুয়ারি ২০১৬ তারিখ (শনিবার) সকাল ১১.০০টায় নতুন আইন অনুষদ ভবনের সম্মুখে চতুর্থ সমাবর্তন ২০১৬ এর রিহার্সেলে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৫. সমাবর্তনে অংশগ্রহনকারী গ্র্যাজুয়েটবৃন্দ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.cu.ac.bd) থেকে আগামী ২৬ জানুয়ারি ২০১৬ তারিখ হতে অবশ্যই Convoke Card সংগ্রহ করবেন।

৬. চতুর্থ সমাবর্তনে অংশগ্রহনকারী গ্র্যাজুয়েটবৃন্দ আগামী ২৯ ও ৩০ জানুয়ারি ২০১৬ তারিখ ব্যবসায় প্রশাসন অনুষদের অডিটোরিয়াম থেকে সকাল ১০.০০টা থেকে ৩.০০টার মধ্যে Convoke Card প্রদর্শনপূর্বক সাময়িক সনদ/মূল সনদ (যারা ইতোমধ্যে সাময়িক সনদ/মূল সনদ উত্তোলন করেছেন) জমা দিয়ে (একটি খামসহ নাম লিখে জমা দিতে হবে) সমাবর্তন গাউন ও আমন্ত্রণপত্র সংগ্রহ করতে পারবেন।

৭. সমাবর্তনের দিন ২ কপি ছবি অবশ্যই সাথে নিয়ে আসতে হবে। চতুর্থ সমাবর্তনে অংশগ্রহনকারী গ্র্যাজুয়েটবৃন্দ ছবিযুক্ত Convoke Card প্রদর্শনপূর্বক আগামী ৩১ জানুয়ারি ২০১৬ তারিখেও আইন অনুষদ চত্বরে স্থাপিত স্ব-স্ব বুথ/কাউন্টার থেকে সকাল ৯.০০টা থেকে ১২.০০টার মধ্যে সাময়িক সনদ/মূল সনদ (যারা ইতোমধ্যে সাময়িকসনদ/মূল সনদ উত্তোলন করেছেন) জমা দিয়ে (একটি খামসহ নাম লিখে জমা দিতে হবে) আমনন্ত্রণ পত্র, সমাবর্তন গাউন ও খাদ্য সংগ্রহ করতে পারবেন।

৮. চতুর্থ সমাবর্তন অংশগ্রহনকারী সকলকে দুপুর ১:০০টার মধ্যে অবশ্যই অনুষ্ঠানের মূল প্যান্ডেলে প্রবেশ করার জন্য অনুরোধ করা হল। এখানে উল্লেখ্য যে, মূল প্যান্ডেলে প্রবেশে নিরাপত্তা তল্লাশী সুষ্ঠুভাবে সম্পাদনের সুবিধার্থে অংশগ্রহনকারী সকলকে সারিবদ্ধভাবে প্যান্ডেলে প্রবেশ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

৯. অনুষ্ঠান শেষে বিকাল ৪.০০টা থেকে ৭.০০টার মধ্যে স্ব স্ব বুথ/কাউন্টারে গাউন ফেরত দিয়ে গ্র্যাজুয়েটদের মূল সনদ এবং সমাবর্তন সামগ্রী গ্রহণ করতে হবে। যথাসময়ে অক্ষত অবস্থায় গাউন ফেরতে দিতে ব্যর্থ হলে সনদ সংগ্রহের সময় = ২০০০/- (দুই হাজার) টাকা পরিশোধ করতে হবে।

১০. সমাবর্তন অনুষ্ঠানে অস্ত্র, ব্যাগ, মোবাইল ফোন, ছাতা, ক্যামেরা, টেপরেকর্ডার বা অন্য কোন ইলেক্ট্রনিক যন্ত্রপাতি সঙ্গে আনা যাবে না।

১১. সমাবর্তনের দিন অংশগ্রহনকারী গ্র্যাজুয়েটরা যে কোন ধরনের সমস্যার সম্মুখীন হলে "সমাবর্তন হেল্প ডেস্ক" এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল। জনাব এস.এম. ফোরকান, ডেপুটি রেজিস্ট্রার, সমাজ বিজ্ঞান অনুষদ, চ.বি, মোবাইল নং# ০১৮১৯-০৮০৮০১ অথবা জনাব মোঃ রবিউল হোসেন চৌধুরী, সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার দপ্তর, চ.বি. মোবাইল নং# ০১৬১৬-১৬১৪১৩।

(প্রফেসর ড. মোহাম্মদ কামরুল হুদা)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
ও সমন্বয়ক, চতুর্থ সমাবর্তন-২০১৬।